





সভা নং-১০

তারিখঃ ২২/১২/২০২১ খ্রিঃ

ক্রমিক নং	নাম	কমিটির পদবী	স্বাক্ষর	মন্তব্য
০১	উপজেলা ভাইস চেয়ারম্যান উপজেলা পরিষদ বটিয়াঘাটা, খুলনা।	সভাপতি		
০২	উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান উপজেলা পরিষদ বটিয়াঘাটা, খুলনা।	সদস্য		
০৩	চেয়ারম্যান ০২ নং বটিয়াঘাটা ইউনিয়ন পরিষদ বটিয়াঘাটা, খুলনা।	সদস্য		
০৪	চেয়ারম্যান ০৬ নং বটিয়াঘাটা ইউনিয়ন পরিষদ বটিয়াঘাটা, খুলনা।	সদস্য		
০৫	অশোক কুমার সরকার সমাজ সেবক	সদস্য		
০৬	অফিসার ইনচার্জ বটিয়াঘাটা, খুলনা।	সদস্য		
০৭	উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, বটিয়াঘাটা, খুলনা।	সদস্য সচীব		

আলোচ্য বিষয় :


- ০১/ কোভিড-১৯ দ্বিতীয় ধাপ।
- ০২/ আইন শৃংখলা।
- ০৩/ উপজেলা পরিষদের ভিতর পাবলিক টয়লেট নির্মাণ।
- ০৪/বিবিধ।

নং সভার কার্যবিবরণী।

জনাব নিতাই চন্দ্র গাইন উপজেলা ভাইস চেয়ারম্যান উপজেলা পরিষদ বটিয়াঘাটা, খুলনা এর সভাপতিত্বে  
সে/ ২০২২ইং তারিখ বেলা ১১-০০ ঘটিকার সময় সভাপতি মহোদয়ের কার্যালয়ে সভার কার্য শুরু করেন। সভার শুরুতেই  
সভাপতি মহোদয় উপস্থিত সকল কর্মকর্তা ও সদস্য বৃন্দদের ধন্যবাদ জানিয়ে সভার কার্য শুরু করেন। সভার শুরুতেই বিগত  
সভার সিদ্ধান্ত গুলি আলোচনান্তে আলোচ্য সূচী অনুযায়ী সিদ্ধান্ত গৃহিত হয়।

ক্রমিক ং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
০১	সভাপতি মহোদয় উপস্থিত সকল সদস্যদের নতুন বছরের সুভেচ্ছা জানিয়ে সভার কার্য শুরু করেন এবং সকল দপ্তরের কার্যাদি সুন্দর ভাবে পরিচালনা করার জন্য অনুরোধ করেন।		
০২	আলোচনাঃ কোভিড-১৯ বিষয় বিষদ আলোচনা ও সতর্ক এবং সামাজিক দুরত্ব বজায় রেখে চলার জন্য স্ব-স্ব প্রতিষ্ঠানকে অনুরোধ করেন। জনাব অশোক কুমার সরকার সমাজসেবক তিনি বলেন কোভিড-১৯ এই মহামারির হাত থেকে আমাদের রক্ষা পেতে হলে সন্ধ্যা ০৬- ০০ ঘটিকার পর এলাকার দোকান গুলো বন্ধ রাখা ও সকলেই নিয়মিত মাস্ক ব্যবহার করার জন্য আইন প্রয়োগকারী সংস্থার প্রতি দৃষ্টি আকর্ষণ করেন। আনসার ও ভিডিপি সদস্য গন ২য় ধাপ কোভিড-১৯ এর টিকাদান কর্মসূচীতে সঠিক ও সুন্দর ভাবে দায়িত্ব পালন করিয়েছেন বলিয়া সভায় আনসার ও ভিডিপি কর্মকর্তাকে ধন্য বাদ জানান। সিদ্ধান্ত : সকল প্রতিষ্ঠানের প্রধান গন তাদের নিজ নিজ দপ্তরের সকল কর্মকর্তা কর্মচারী সদস্য সদস্যদের কে মাস্ক ব্যবহার, ঘন ঘন সাবান বা হ্যান্ড ওয়াশ দিয়ে, বিনা প্রয়োজনে ঘর থেকে বাহিরে না যাওয়া এবং সামাজিক দুরত্ব বজায় রেখে চলার জন্য উদ্বুদ্ধ করা। আনসার ও ভিডিপি সদস্য গন সাধারণ জনগনের মধ্যে কোভিড-১৯ এর হাত থেকে রক্ষা পাওয়ার নিয়ম কানুন লিখিত লিপলেট বিতরণ করেন।	সকল প্রতিষ্ঠানের প্রধান গন তাদের নিজ নিজ দপ্তরের কর্মকর্তা কর্মচারীদের সাথে সমন্বয় সাধন করে কাজ করবেন।	স্ব-স্ব প্রতিষ্ঠানের প্রধান গন।
০৩	আলোচনাঃ আইন শৃঙ্খলা পরিস্থিতি। সিদ্ধান্ত : সকল কর্মকর্তা বলেন এই দুর্ভোগের সময় যাতে কোন দুর্ঘটনা না ঘটে সেই দিকে আমরা সজাগ দৃষ্টি রাখবো। বটিয়াঘাটা উপজেলার আইন শৃঙ্খলা পরিস্থিতি ভালো।		স্ব-স্ব প্রতিষ্ঠানের প্রধান গন।
০৪	আলোচনাঃ উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা বলেন উপজেলা পরিষদের ভিতর একটি পাবলিক টয়লেট নির্মাণ করার প্রস্তাব করেন। সিদ্ধান্ত : সভাপতি মহোদয় বনে উপজেলা সমন্বয় সভায় উত্তোলন করা হবে এবং যে ভাবে হোক পাবলিক টয়লেট নির্মাণ করার জন্য সমন্বয় সভার সভাপতি মহোদয় কে সুপারিশ করা হবে।	সভাপতি মহোদয় বনে উপজেলা সমন্বয় সভায় উত্তোলন করা হবে এবং যে ভাবে হোক পাবলিক টয়লেট নির্মাণ করার জন্য সমন্বয় সভার সভাপতি মহোদয় কে সুপারিশ করা হবে।	উপজেলা পরিষদ

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকল সদস্য বৃন্দদের ধন্য বাদ জানিয়ে সভার কার্য শেষ করেন।



জনাব নিতাই চন্দ্র গাইন  
উপজেলা ভাইস চেয়ারম্যান  
বটিয়াঘাটা, খুলনা।